

**এসএসসি'র ফরম পূরণে  
অতিরিক্ত ফি আদায়**

খিনাইদহ জেলা সর্বাধিদাতা : খিনাইদহ সদর উপজেলার মুনুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অর্থ বাণিজ্যের অভিযোগ উঠেছে। উচ্চ আদালতের নির্দেশনা মোতাবেক এসএসসি'র ফরম পূরণে ১৪০০ টাকার অতিরিক্ত অর্থ আদায় করা অপরাধ হিসেবে ঘোষণা করলেও মুনুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে ২৮শ' টাকা আদায় করা হয়েছে। হাইকোর্টের রায়ে পর এলাকার অভিভাবকরা অতিরিক্ত অর্থ প্রধান শিক্ষকের কাছে ফেরৎ চান। কিন্তু টাকা ফেরৎ না দিয়ে উল্টো অভিভাবকদের হুকুমি দেয়া হচ্ছে। অভিভাবকরা সাংবাদিকদের জানান, এ বিষয়ে তারা জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের হস্তক্ষেপ কামনা করেছেন।